MichiganVoting.org

কীভাবেঃ

আপনার যোগ্যতা যাচাই করবেন

মিশিগানে ভোটার হিসেবে নিবন্ধন করতে হলে আপনাকে অবশ্যই মার্কিন নাগরিক হতে হবে, নির্বাচনের দিন নাগাদ মিশিগানের কোনো শহর বা টাউনশিপে কমপক্ষে ৩০ দিন ধরে বসবাস করতে হবে, আপনার বয়স কমপক্ষে ১৭.৫ বছর হতে হবে (এবং নির্বাচনের দিন নাগাদ ১৮ বছর পূর্ণ হতে হবে), এবং আপনি বর্তমানে জেল বা কারাগারে কোনো সাজা ভোগ করতে পারবেন না।

আপনি যদি এই শর্তগুলো পূরণ করেন, তাহলে আপনি ভোটার হিসেবে নিবন্ধন করতে পারবেন, এমনকি যদি:

- **আপনার কাছে ছবিসহ পরিচয়পত্র (ফটো আইডি) না থাকে।** আপনি অ্যাফিডেভিট নামে একটি ঘোষণাপত্রে স্বাক্ষর করে নিয়মিত ব্যালটে ভোট দিতে পারবেন।

- **আপনার স্থায়ী বাসস্থান না থাকে।** আপনি রাস্তার কোনো মোড়, পার্ক, আশ্রয়কেন্দ্র, সহায়তা বা প্রচার কেন্দ্র, আপনার ডাক গ্রহণ করবেন এমন কারও বাড়ি, অথবা আপনি সাধারণত অবস্থান করেন এমন অন্য কোনো স্থানের ঠিকানা ব্যবহার করে ভোটার হিসেবে নিবন্ধন করতে পারেন।

- **আপনি সাজা ঘোষণার আগে জেল বা কারাগারে আছেন।** প্রয়োজনীয় কাগজপত্র পূরণ করতে জেলের বাইরে থাকা আপনার বন্ধু বা পরিবারের সদস্যদের অথবা জেলের ভেতরের কর্মকর্তাদের সহায়তা নিন।

- **আপনার বিরুদ্ধে কোনো গুরুতর অপরাধ বা লঘু অপরাধের দণ্ড আছে, আপনি অতীতে কারাবন্দী ছিলেন, অথবা আপনি বর্তমানে প্রবেশন বা প্যারোলে আছেন।** আপনি যদি জেল বা কারাগারে আপনার সাজা ভোগ সম্পন্ন করে থাকেন, তাহলে আপনি ভোটার হিসেবে নিবন্ধন ও ভোট দেওয়ার যোগ্য।

আপনি অভিভাবকত্বের অধীনে আছেন। মিশিগানে অভিভাবক থাকা প্রাপ্তবয়স্ক ব্যক্তিরাও ভোটার হিসেবে নিবন্ধন ও ভোট দিতে পারেন। নিবন্ধন, ভোটদান, বা আপনার অধিকার সম্পর্কে বুঝতে সহায়তার প্রয়োজন হলে আপনার কেস ম্যানেজার অথবা Disability Rights Michigan - এর (800) 288-5923 নাম্বারে যোগাযোগ করুন।

আপনি কোনো মানসিক স্বাস্থ্য হাসপাতালে বা সহায়তাপ্রাপ্ত আবাসন কেন্দ্রে আছেন। প্রয়োজনীয় কাগজপত্র পূরণ করতে সেখানকার কর্মী অথবা কোনো বন্ধু বা পরিবারের সদস্যের সহায়তা নিন।

আপনি গৃহবন্দী বা শারীরিকভাবে আপনার ভোটকেন্দ্রে প্রবেশ করতে অক্ষম। আপনি অনুপস্থিত ভোটের ব্যালটের মাধ্যমে বাড়ি থেকে ভোট দিতে পারেন, অথবা আপনার ভোটকেন্দ্রে কার্বসাইড ভোটদানের সুবিধা ব্যবহার করতে পারেন।

আপনি যদি শারীরিকভাবে নিজে ব্যালটে চিহ্ন দিতে অক্ষম। আপনি বাড়িতে নিজের ডিভাইস ব্যবহার করে ব্যালটে চিহ্ন দেওয়ার জন্য একটি অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ভোটের ব্যালটের অনুরোধ করতে পারেন, কারও সহায়তা চাইতে পারেন, অথবা আপনার ভোটকেন্দ্রে ভোটার সহায়তা টার্মিনাল (Voter Assist Terminal) ব্যবহার করতে পারেন।

আপনি ইংরেজি পড়তে বা লিখতে পারেন না। আপনার পছন্দের যেকোনো ব্যক্তির কাছ থেকে সহায়তা নেওয়ার অধিকার আপনার রয়েছে - তবে সেই ব্যক্তি আপনার নিয়োগকর্তা অথবা আপনার শ্রমিক ইউনিয়নের কোনো কর্মকর্তা বা প্রতিনিধি হতে পারবেন না।

আপনি মিশিগানে একজন শিক্ষার্থী। আপনি আপনার শিক্ষাপ্রতিষ্ঠানের ঠিকানা ব্যবহার করে ভোটার হিসেবে নিবন্ধন করতে পারেন। অথবা আপনি যদি মিশিগানের বাসিন্দা হয়ে মিশিগানেই পড়াশোনা করেন, তাহলে আপনার বাড়ির ঠিকানা ব্যবহার করে ভোটার হিসেবে নিবন্ধন করতে পারেন।

ভোটার হিসেবে নিবন্ধন করতে বা ভোট দিতে কোনো সমস্যার সম্মুখীন হলে অথবা কোনো প্রশ্ন থাকলে, (866) OUR-VOTE | (866) 687-8683 নাম্বারে যোগাযোগ করুন।

এই নির্দেশিকাটি ১ জুন, ২০২৬ পর্যন্ত সঠিক। সর্বশেষ তথ্যের জন্য *MichiganVoting.org* - এ যান।